ইত্তেফাক

তারিখ 25 DEC 1985
পৃষ্ঠা 3 কলাম 6

044

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বি, এ, ও বি, এসসি, পরীক্ষার ফল প্রকাশ

রাজশাহী, ২৩শে ডিসেম্বর (বাসস)— চলতি বছরের জানুয়ারী মাসে অনুষ্ঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন বি, এ, ও বি, এস-সি পাস এবং সাবসিডিয়ারী পরীক্ষার ফল আজ প্রকাশিত হইয়াছে। বি, এ, ও বি, এস-সি পরীক্ষার পাসের হার যথাক্রমে ৩৪ দশমিক ৭ ও ৩৯ দশমিক ৫ ভাগ। বি, এ (পাস) পরীক্ষায় ৩ শত ৬৪ জন দ্বিতীয় বিভাগে ও ৩ শত ২২ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। কেহই প্রথম বিভাগ পায় নাই। বি, এস-সি (পাস) পরীক্ষায় ১১ জন প্রথম বিভাগ, ৪ শত ৯৭ জন দ্বিতীয় বিভাগ ও এক হাজার ২ শত ৭২ জন তৃতীয় বিভাগ পাইয়াছে।